গাংনীর দুই সীমান্তে ১২ লাখ টাকার ভারতীয় মাদকদ্রব্য উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার দুটি সীমান্তে অভিযান চালিয়ে ১২ লাখ ২৭ হাজার ৪০০ টাকা মূল্যের ভারতীয় মাদকদ্রব্য উদ্ধার করেছে ৪৭ বিজিবি।

মঙ্গলবার দুপুরে এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করেন ৪৭ বিজিবির অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল রাশেদ কামাল রনি।

বিজিবি জানায়, মঙ্গলবার ভোরে রংমহল বিওপির দায়িত্বপূর্ণ এলাকার খাসমহলে অভিযান চালিয়ে মালিকবিহীন অবস্থায় ১৬ বোতল ভারতীয় ফেনসিডিল ও ৩ হাজার পিস ডেক্সামেথাসন ট্যাবলেট উদ্ধার করা হয়। উদ্ধার করা এসব মাদকদ্রব্যের আনুমানিক সিজার মূল্য ৯ লাখ ৬ হাজার ৪০০ টাকা।

অন্যদিকে, ধলা বিওপির দায়িত্বপূর্ণ এলাকার ধলার মাঠে সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অভিযান চালায় বিজিবির আরেকটি টহল দল। এ সময় মালিকবিহীন অবস্থায় ৬ কেজি ভারতীয় গাঁজা, ৪৮০ পিস ডেক্সামেথাসন ট্যাবলেট ও ৫২০ পিস সাইপ্রোহেপ্টাডিন ট্যাবলেট উদ্ধার করা হয়। এসব মাদকদ্রব্যের আনুমানিক সিজার মূল্য ৩ লাখ ২১ হাজার টাকা।

বিজিবি আরও জানায়, উদ্ধার করা মাদকদ্রব্য গাংনী থানায় জমা দেওয়া হয়েছে। এ ঘটনায় পৃথক দুটি মামলা দায়ের করা হয়েছে।

মহেশপুর সীমান্তে বিজিবি’র

[redacted]

[redacted]

[redacted]

[

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

কুষ্টিয়া ৪৭ ব্যাটালিয়ন বিজিবি জানিয়েছে, দৌলতপুর উপজেলার জামালপুর ও মহিষকুন্ডি সীমান্ত এলাকায় পৃথক অভিযানে ১ দশমিক ৩ কেজি ভারতীয় গাঁজা, ১১৪ বোতল নেশাজাতীয় সিরাপ ও স্কাফ সিরাপ উদ্ধার করা হয়েছে।

এছাড়াও কাজিপুর সীমান্তে অভিযান চালিয়ে ভারতে পাচারকালে ১৯৮ বোতল বাংলাদেশি কীটনাশক উদ্ধার করা হয়। উদ্ধারকৃত এসব মালামালের মোট আনুমানিক বাজার মূল্য ১ লাখ সাত হাজার টাকা।

কুষ্টিয়া ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল রাশেদ কামাল রনি জানান, সীমান্তে চোরাচালান ও মাদক পাচার রোধে তাদের অভিযান ও নজরদারি অব্যাহত থাকবে।

দর্শনায় ভারতীয় ১২ বোতল এসকাফ সিরাপসহ যুবক গ্রেফতার

দর্শনা থানা পুলিশ মাদকবিরোধী অভিযান চালিয়ে ভারতীয় ১২ বোতল এসকাফ সিরাপসহ এক যুবককে গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃত সানজিল (২৬) দর্শনা থানার আকন্দবাড়িয়া গাংধারপাড়া এলাকার ইকরামুলের ছেলে।

গত বুধবার গভীর রাতে দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (তদন্ত) হিমেল রানার নেতৃত্বে আকন্দবাড়িয়া গাংধারপাড়া এলাকায় অভিযান পরিচালনা করা হয়। এ সময় দর্শনা থানার এসআই (নিঃ) মোল্যা আরিফুল ইসলাম গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ সানজিলের বাড়ির সামনে থেকে তাকে গ্রেফতার করেন।

অভিযানকালে তার কাছ থেকে ভারতীয় ১২ বোতল এসকাফ সিরাপ উদ্ধার করা হয়।

গ্রেফতারকৃত আসামির বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার তাকে চুয়াডাঙ্গা বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

বিক্ষোভের মুখে ভারতীয় প্রকৌশলীসহ কর্মকর্তারা

কেরুজ চিনিকলের বিএমআর প্রকল্প এখন গলার কাঁটা দাড়িয়েছে মিল কতৃপক্ষের। পহেলা জানুয়ারি থেকে এ পর্যন্ত ১৬৮ ঘন্টা নতুন বিএমআর প্রকল্পের আখ মাড়াই করতে গিয়ে ৯০ ঘন্টা যান্ত্রিক কবলে পড়ে ১০২ কোটি টাকার বিএমআর প্রকল্প।

দর্শনা কেরুজ চিনিকলের আওতায় আখবাহনের চালক ও আখচাষীদের বিক্ষোভের মুখে পড়ে ভারতীয় বিএমআর প্রকল্পের ইন্জিনিয়ারসহ কেরুজ কর্মকর্তারা।কেরুজ চিনিকলে ২০২৫-২৬ শুরু হয় ৫ ডিসেম্বর। আখ মাড়াই মরসুমের আনুষ্ঠানিক – উদ্বোধন আধুনিকায়নকৃত কারখানায় আখ মাড়াই ডিসেম্বরে হওয়ার কথা থাকলেও শেষ পর্যন্ত হয়ে ওঠেনি।

ফলে পুরোনো মিলেই আখ মাড়াই শুরু করা হয়। শুরু থেকেই ভালো চলছিলো মাড়াই কার্যক্রম। ৩০ ডিসেম্বর ছিলো চলতি মরসুমের প্রথম ক্লিনডেট। ৩১ ডিসেম্বর রাত দুটো থেকে আধুনিকায়নকৃত চিনি কারখানায় আখ মাড়াই শুরুর কথা থাকলেও তাও যায় ভেস্তে। পরে ভোরে চালু হয় মাড়াই কার্যক্রম। শুরু হয় মিলে আখ আনা পরিবহন চালক, কৃষক, শ্রমিক-কর্মচারী নানা ত্রুটি দেখা দেয় আধুনিয়কানকৃত জনিত কারণে রবিবার বন্ধ হয়েছে আখ টারবাইনসহ বিভিন্ন মেশিনারিজে সমস্যা দেখা দেয় কারখানায়। মিল হাউজ, বয়লার, ও কর্মকর্তাদের ভোগান্তির শেষ নেই। ক্ষণে ক্ষণে মাড়াই ক্ষণে ক্ষণে বন্ধ। গত ৭ দিনে ১৬৮ ঘণ্টার মধ্যে ত্রুটি জনিত কারণে চিনি কারখানায় আখ মাড়াই বন্ধ থেকেছে ৯০ ঘণ্টা।

তথ্যনুযায়ী ৩১ ডিসেম্বর ৬ ঘণ্টা, ১জানুয়ারি ২৩ ঘণ্টা, ২ জানুয়ারি ৬ ঘণ্টা, জানুয়ারি, ৫ জানুয়ারি ৮ ঘণ্টা, ৭ জানুয়ারি আখ মাড়াই বন্ধ রাখতে হয়েছে। এদিকে কৃষক ও কেরুজ চিনিকলের আওতায় আখ নিয়ে আসা পরিবহন, পাওয়ারট্রলি কৃষকদের পড়তে হয় ভোগান্তিতে। চাষীরা কোনো উপায়ন্তর না পেয়ে শুর করে বিক্ষোভ। বিক্ষোভহীন অবস্থায় দর্শনা কেরুজ চিনিকলের ব্যাবস্থাপনা পরিচালক মোঃরাব্বিক হাসান লিখিতভাবে জানান, বিএমআর প্রকল্প যান্ত্রিক ক্রুটি হচ্ছে।ফলে

মাড়াই কার্যক্রম স্বাভাবিক ভাবে বিঘ্নত হচ্ছে।ফলে আবার ডিজিটাল ছেড়ে আবার এনালক দিয়ে মাড়াই কার্যক্রম শুরু করে।

তাহলে প্রশ্ন ১০২ কোটি টাকার প্রকল্প কি মুখ থুবড়ে পড়বে। তাহলে সাধারণ মানুষ মনে করছে এটা শুভংকরের ফাঁকি। এ বিষয়ে কেরুজ চিনিকলের ব্যাবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান জানান, পুরাতন মিল দিয়ে আখ মাড়াই শুরু হয়েছে কোনো ঝামেলা ছাড়াই মিল সুন্দর ভাবে চলছে।

গাংনীতে ভারতীয় ওয়ান শুটার গান ও গুলিসহ যুবক আটক

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর গ্রামে অভিযান চালিয়ে একটি ভারতীয় ওয়ান শুটার গান ও দুই রাউন্ড গুলিসহ সুমন আহম্মেদ সৌমিক
(৩০) নামের এক যুবককে আটক করেছে র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব)-১২ ক্যাম্পের সদস্যরা। আজ শুক্রবার ভোর সাড়ে তিনটার দিকে এ অভিযান পরিচালনা করা হয়।

আটককৃত সুমন আহম্মেদ সৌমিক কাজিপুর গ্রামের বাদিয়াপাড়ার তাইজেল ইসলামের ছেলে।

মেহেরপুর সিপিসি-৩ র্যাব-১২ এর কোম্পানি কমান্ডার ওয়াহিদুজ্জামান জানান, গোপন সংবাদের ভিত্তিতে জানা যায়, সৌমিক নিজ বাড়িতে অস্ত্র রেখে অবস্থান করছে। পরে র্যাব সদস্যরা অভিযান চালিয়ে তাকে আটক করে। তার দেওয়া স্বীকারোক্তিমূলক জবানবন্দীর ভিত্তিতে একটি ভারতীয় ওয়ান শুটার গান ও দুই রাউন্ড গুলি উদ্ধার করা হয়।

দর্শনা সীমান্তে ভারতীয় রুপাসহ দুই চোরাকারবারি আটক

চুয়াডাঙ্গা সীমান্ত এলাকায় বিশেষ অভিযান চালিয়ে দুই চোরাকারবারিকে আটক করেছে ৬ বিজিবি ব্যাটালিয়ন। এসময় তাদের কাছ থেকে প্রায় ১১ কেজি ভারতীয় দানাদার রুপা জব্দ করা হয়েছে।

শনিবার (২৬ জুলাই) বেলা দেড়টার দিকে দামুড়হুদা উপজেলার আজিমপুর এলাকায় এ অভিযান চালানো হয়।

আটক দুই চোরাকারবারি হলেন দর্শনা পুরাতন বাজারের ইকরামুল হকের ছেলে রাজিবুল ইসলাম (৩৭) ও দর্শনা আনোয়ারপুর গ্রামের জামাল উদ্দিনের ছেলে সাগর আলী (২১)।

চুয়াডাঙ্গা-৬ বিজিবি সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে বিজিবি জানতে পারে চোরাকারবারিরা ভারত থেকে বাংলাদেশে রুপা পাচারের চেষ্টা করছে। এ তথ্যের ভিত্তিতে চুয়াডাঙ্গা-৬ বিজিবির অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মো. নাজমুল হাসানের দিকনির্দেশনায় ও সহকারী পরিচালক মো. হায়দার আলীর নেতৃত্বে একটি আভিযানিক দল সীমান্ত এলাকার মেইন পিলার ৭৭/২-এস থেকে প্রায় ২ কিলোমিটার বাংলাদেশের অভ্যন্তরে আজিমপুরের একটি ফুড গোডাউনে অভিযান পরিচালনা করে।

অভিযানের সময় বিজিবির উপস্থিতি টের পেয়ে চোরাকারবারিরা পালিয়ে যাওয়ার চেষ্টা করলে রাজিবুল ও সাগর আলী নামের দুইজনকে আটক করা হয়। পরে তাদের স্বীকারোক্তি ও তথ্যের ভিত্তিতে গোডাউনের একটি কাগজের কার্টন তল্লাশি করে প্রায় ১১ কেজি ভারতীয় দানাদার রুপা উদ্ধার করা হয়। এসময় তাদের ব্যবহৃত দুটি মোবাইল ফোনও জব্দ করা হয়। জব্দকৃত রুপার বাজারমূল্য প্রায় ২৬ লাখ ৫১ হাজার ৯৫৮ টাকা।

এ ঘটনায় বিজিবির পক্ষ থেকে মো. এনায়েত হোসেন দর্শনা থানায় একটি মামলা দায়ের করেছেন। আটককৃতদের থানায় হস্তান্তর করা হয়েছে এবং জব্দকৃত রুপা চুয়াডাঙ্গা ট্রেজারি অফিসে জমা দেওয়ার প্রক্রিয়া চলমান রয়েছে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

ক্ষেতের মধ্যে হতে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে আসামীবিহীন ৬০ বোতল ভারতীয় ফেন্সিডিল উদ্ধার করা হয়।

উদ্ধারকৃত মালামালের খবর থানাকে অবহিত করা হয়।